

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৬০০

১২/ যাকাত (১৯১৯)

পরিচ্ছেদঃ ১২/২৩, দানকারী ও কৃপণতাকারীর দৃষ্টান্ত।

مثل المنفق والبخيل

আরবী

حَدِيْثُ أَبِي هُرَيْرَةَ قَالَ ضَرَبَ رَسُولُ اللهِ عَلَيْ مَثَلَ الْبَخِيلِ وَالْمُتَصَدِّقِ كَمَثَلِ رَجُلَيْنِ عَلَيْهِمَا جُبَّتَانِ مِنْ حَدِيدٍ قَدْ اضْطُرَّتْ أَيْدِيهِمَا إِلَى ثُدِيّهِمَا وَتَرَاقِيهِمَا فَجَعَلَ الْمُتَصَدِّقُ عَلَيْهِمَا تَصِدَّقَ بِصَدَقَةٍ انْبَسَطَتْ عَنْهُ حَتَّى تَغْشَى أَنَامِلَهُ وَتَعْفُو أَثَرَهُ وَجَعَلَ الْبَخِيلُ كُلَّمَا هَمَّ كُلَّمَا تَصَدَقَةٍ قَلَصَتْ وَأَخَذَتْ كُلُّ حَلْقَةٍ بِمَكَانِهَا قَالَ أَبُو هُرَيْرَةَ فَأَنَا رَأَيْتُ رَسُولَ اللهِ عَلَيْقُ لِيُسَعِهِ هَكَذَا فِي جَيْبِهِ فَلَوْ رَأَيْتَهُ يُوسِعُهَا وَلاَ تَتَوَسَّعُ

বাংলা

৬০০. আবৃ হুরায়রাহ (রাযি.) হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার কৃপণ ও দানশীল ব্যক্তিকে এমন দু'ব্যক্তির সাথে তুলনা করেন, যাদের পরিধানে লোহার দু'টি বর্ম আছে। তাদের দু'টি হাতই বুক ও ঘাড় পর্যন্ত পোঁছে আছে। দানশীল ব্যক্তি যখন দান করে তখন তার বর্মটি এমনভাবে প্রশন্ত হয় যে, তার পায়ের আঙ্গুলের মাথা পর্যন্ত ঢেকে ফেলে এবং (শরীরের চেয়ে লম্বা হবার জন্য চলার সময়) পদচ্হি মুছে ফেলে। আর কৃপণ লোকটি যখন দান করতে ইচ্ছে করে, তখন তার বর্মটি শক্ত হয়ে যায় ও এক অংশ অন্য অংশের সাথে মিলে থাকে এবং প্রতিটি অংশ স্ব-স্ব স্থানে থেকে যায়। আবৃ হুরায়রাহ (রাযি.) বলেনঃ আমি আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে তাঁর আঙ্গুল এভাবে বুকের দিক দিয়ে খোলা অংশের মধ্যে রেখে বলতে দেখেছি, তুমি যদি তা দেখতে (তাহলে দেখতে) যে, তিনি তা প্রশন্ত করতে চাইলেন কিন্তু প্রশন্ত হল না।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৭৭ : পোশাক, অধ্যায় ৯, হাঃ ৫৭৯৭; মুসলিম, পর্ব ১২: যাকাত, অধ্যায় ২৩, হাঃ ১০২১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)



 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id=} 59088$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন